আলমডাঙ্গায় ৫নং ওয়ার্ড কাউন্সিলর গাফ্ফারের নির্বাচনী গণসংযোগ

আলমডাঙ্গার এরশাদপুর ৫ নং ওয়ার্ডে আসন্ন পৌরসভা নির্বাচনে কাউন্সিলর পদ-প্রার্থী আব্দুল গাফ্ফারের গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৫ টার দিকে এরশাদপুর গ্রামের বিভিন্ন পাড়া ও মহল্লায় গণসংযোগ করেন।

এ সময় কাউন্সিলর প্রার্থী আব্দুল গাফ্ফার ওয়ার্ড বাসীর সাথে কুশোল বিনিময় ও ভোট চান ।

গণসংযোগে উপস্থিত ছিলেন আরিফ, আসাবুল, লতিফ, মনিরুদ্দিন, ইসরাইল হোসেন, বেল্টু, মুকুল, কছিমদ্দিন, আব্দুর রশিদ, মারজুল, রেজাউল, মানিক মালিতা, রতন মালিতা, লাল্টু, সিহাব, সাকিব, রুহুল, নাইমুর, আশিক, আলিফ, মানিক, প্রমুখ।

দামুড়হুদায় নিষেধাজ্ঞার পরও মাটি কাটার মহোৎসব, হুমকিতে ফসলি জমি

দামুড়হুদা উপজেলার কোষাঘাটা, চিৎলা-গোবিন্দহুদা, লোকনাথপুর, বদনপুর, নাপিত খালী, ও পাটাচোরার ভৈরব নদীর পাড়সহ বিভিন্ন গ্রামের মাঠে প্রশাসনের নিষেধাজ্ঞা অমান্য করে মাটি কাটার মহোৎসব চলছে। কৃষকের ফসলি জমির পাশে বড় বড় পুকুরের ন্যায় খনন করে মাটি ও বালি কেটে ইট ভাটাসহ বিভিন্ন স্থানে বিক্রি করায় হুমকির মুখে পড়েছে শত শত বিঘা ফসলি জমি।
এছাড়াও মাটি কাটা গর্তের কারণে ভাঙ্গনে নষ্ট হচ্ছে জমির ফসল।

মাটি কাটার ওপর প্রশাসনের নিষেধাজ্ঞা থাকলেও চুপিসারে মাটি কাটছে কিছু ভূমিদস্যু। প্রশাসন অবৈধভাবে মাটি কাটা বন্ধ করতে বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মোটা অংকের টাকা জরিমানা করলেও তারা থামতে নারাজ। ভুক্তভোগী কৃষকরা বিভিন্ন সময় প্রশাসনের কাছে অভিযোগ করেছেন। কোষাঘাটা, নাপিতখালী, বদনপুর ছটাঙ্গার মাঠে মাটি কেটে গর্ত করার কারণে মাটি ভেঙে পড়ে তাদের ফসলি জমি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে।
মাটি কাটা বন্ধ করতে ভুক্তভোগীগণ বিভিন্ন সময় দামুড়হুদা উপজেলা ভূমি অফিস ও দামুড়হুদা মডেল থানায় লিখিত অভিযোগ করলে প্রশাসনের পক্ষ থেকে অভিযুক্তদের কঠোরভাবে সতর্ক করাসহ বিভিন্ন সময়ে মোটা অংকের জরিমানা করা হয়। এতে কয়েক দিন মাটি কাটা বন্ধ রাখার পর আবারো তারা প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে একইভাবে মাটি কাটা শুরু করেন। ট্রাক্টর ভিড়িয়ে এভাবে মাটি কাটা বন্ধ করা না হলে ফসলি জমির মালিকরা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হবে বলে আশঙ্কা করছেন আশ পাশের জমির মালিকরা।
দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান বলেন মাটি কাটার অপরাধে বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা করার পরও মাটি কাটছে। যারা মাটি কাটছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি এম মকবুলার রহমান আর নেই

সবাইকে কাঁদিয়ে না ফেরার দেশে চলে গেলেন চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি এম মকবুলার রহমান (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গতকাল বৃহস্পতিবার রাতে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন তিনি।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গোদ রোগের উপর সামাজিক উদ্বুদ্ধকরণ সভা

গোদ রোগ যত্ন নিলে বিকলাঙ্গতা থেকে মুক্তি মেলে এ স্লোগান কে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভা কক্ষে গোদ রোগের উপর সামাজিক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় এ সভা অনুষ্ঠিত হয়। যৌথভাবে বাস্তবায়নকারী লেপ্রা বাংলাদেশ, ফাই লেরিযানিট নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ, ক্ষুদে ডাক্তার কার্যক্রম, রোগ নিযন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, আর্থিক ও কারিগরী সহায়তায় অ্যাসেভ প্রকল্প ইউকেএইউ আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আবু হেনা মোহাম্মদ জামাল শুভ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমানসহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মকর্তা ও সাংবাদিক নেতৃবৃন্দ।
উক্ত অনুষ্ঠানে গোদ রোগের উপর সামাজিক উদ্বুদ্ধকরণ সভায় দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন উপস্থিত অতিথিবৃন্দ।

“কন্যা সন্তান বোঝা নয়,

আশীর্বাদ”- পুলিশ সুপার, চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে সদ্য ভূমিষ্ঠ ১১ (এগার) টি কন্যা শিশুর পরিবারকে পাঠানো হলো ফুল ও নতুন পোশাক “মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার” এই স্লোগানকে সামনে রেখে মুজিববর্ষকে স্মরণীয় করে রাখতে চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা থেকে বিভিন্ন প্রকার সামাজিক, মানবিক ও উৎসাহমূলক গণমুখী কার্যক্রমে ভূমিকা রেখে চলেছেন। এরই ধারাবাহিকতায় নারীর ক্ষমতায়ন, নারী নির্যাতন প্রতিরোধ এবং লিঙ্গ বৈষম্য দূরীকরণে পুলিশ সুপার চুয়াডাঙ্গা এক ব্যতিক্রমধর্মী পদক্ষেপ গ্রহণ করেছেন। চুয়াডাঙ্গা জেলা পুলিশের ফেসবুক পেজে “কন্যা সন্তান জন্ম হলে ফোন করুন, উপহার পৌঁছে যাবে সাথে সাথে” শিরোনামে একটি পোস্ট দেওয়া হয়। এটি নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে জেলা পুলিশের একটি ব্যতিক্রমী উদ্যোগ।
অদ্য ২০.০১.২০২১ তারিখ সকাল ০৮.৪৫ ঘটিকার সময় চুয়াডাঙ্গা থানাধীন নেহালপুর গ্রামের মোঃ আয়নাল হোসেন জানান তার স্ত্রী মোছাঃ আছিয়া খাতুন গত ১৬.০১.২০২১ খ্রি. তারিখে দেশ ক্লিনিক, চুয়াডাঙ্গায় একটি ফুটফুটে কন্যা শিশু জন্ম দিয়েছে। পুলিশ কন্ট্রোলরুমে তাদের বাচ্চা ভুমিষ্ট হওয়ার সু-সংবাদ জানানোর সাথে সাথে পুলিশ সুপার, চুয়াডাঙ্গার নির্দেশে কয়েকজন পুলিশ সদস্য ঐ শিশুর জন্য ফুলের তোড়া, নিউবর্ণ বেবী প্যাকেজ ও মিষ্টি নিয়ে উপস্থিত হয়।
পুলিশ সদস্যদের উপহার পেয়ে নতুন শিশুর পরিবারের সদস্যদের আনন্দ বেড়ে যায়। কন্যা শিশুর পরিবারের লোকজন পুলিশ সুপারের পাঠানো উপহার পেয়ে খুব খুশি হয়, পুলিশ সুপারের আন্তরিকতা ও ভালবাসায় মুগ্ধ হয়ে সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। (২) রাসেল হোসেন তার স্ত্রী তাসলিমা খাতুন, সাং-দত্তাইল, থানা ও জেলা-চুয়াডাঙ্গা ফোনে জানান গত ১৮.০১.২০২১ তারিখে বিআরএম ক্লিনিক সরোজগঞ্জে একটি কন্যা শিশুর জন্ম দিয়েছে। (৩) জামাল উদ্দিন ও রুচিনা খাতুন দম্পতি সাং-নুরনগর কলোনী, থানা ও জেলা-চুয়াডাঙ্গা ফোনের মাধ্যমে জানায় গত ১৮.০১.২০২১ তারিখে তাদের একটি কন্যা সন্তান জন্ম নিয়েছে।
(৪) দর্শনা থানার আকন্দবাড়ীয়া গ্রামের মোঃ ফারুক হোসেন জানান,

তার স্ত্রী কাকলী খাতুন গত ১৮.০১.২০২১ তারিখে একটি কন্যা সন্তানের জন্ম দিয়েছে। (৫) মোঃ রিপন মিয়া ও খাদিজা খাতুন দম্পতি সাং-আকন্দবাড়ীয়া, থানা-দর্শনা, জেলা-চুয়াডাঙ্গা ফোনের মাধ্যমে জানায় গত ১০.০১.২০২১ তারিখ তাদের একটি কন্যা সন্তান জন্ম নিয়েছে।
(৬) মোঃ রেজাউল ইসলাম ও জেসমিন আক্তার দম্পতি সাং-দর্শনা, থানা- দর্শনা, জেলা-চুয়াডাঙ্গা ফোনের মাধ্যমে জানায় গত ১৭.০১.২০২১ তারিখ তাদের একটি কন্যা সন্তান জন্ম নিয়েছে। (৭) সেলিম হোসেন ও রশনা খাতুন দম্পতি সাং-হরিশপুর, থানা-দর্শনা, জেলা-চুয়াডাঙ্গা ফোনের মাধ্যমে জানায় গত ১১.০১.২০২১ তারিখে তাদের একটি কন্যা সন্তান জন্ম নিয়েছে।
এছাড়াও দামুড়হুদা থানাধীন কার্পাসডাঙ্গা গ্রামের (৮) হাবিবুর রহমান ও ফাতেমা খাতুন দম্পতি ফোনে জানায় তাদের ০৯.০১.২০২১ তারিখে একটি কন্যা সন্তান জন্ম নিয়েছে। (৯) জাকের মন্ডল ও মনোয়ারা খাতুন দম্পতি সাং-গোপালপুর, থানা-দামুড়হুদা, জেলা- চুয়াডাঙ্গা ফোনের মাধ্যমে জানায় গত ১৩.০১.২০২১ তারিখ তাদের একটি কন্যা সন্তান জন্ম নিয়েছে। (১০) দেলোয়ার হোসেন ও হালিমা খাতুন দম্পতি সাং-দামুড়হুদা, থানা-দামুড়হুদা, জেলা-চুয়াডাঙ্গা ফোনের মাধ্যমে জানায় গত ১২.০১.২০২১ তারিখ তাদের একটি কন্যা সন্তান জন্ম নিয়েছে। (১১) শাহাজামাল ও লাকী খাতুন দম্পতি সাং-হোগলডাঙ্গা, থানা-দামুড়হুদা, জেলা-চুয়াডাঙ্গা ফোনের মাধ্যমে জানায় গত ১৩.০১.২০২১ তারিখ তাদের একটি কন্যা সন্তান জন্ম নিয়েছে।
সংবাদ জানানোর সাথে সাথে পুলিশ সুপার চুয়াডাঙ্গার নির্দেশে কয়েকজন পুলিশ সদস্যসহ উল্লিখিত পরিবারের কাছে উপহার সামগ্রী নিয়ে তাদের বাসায় উপস্থিত হন। পুলিশ সুপারের এই ব্যতিক্রমী কর্মকাণ্ডের প্রশংসা এখন স্থানীয় জনসাধারণের মুখে মুখে। কন্যা সন্তান জন্ম নেওয়ার কারণে সংসারে কলহ সৃষ্টি ও পারিবারিক অসন্তোষ দেখা যায়। পুলিশ সুপারের এই মহতী উদ্যোগ হতে পারে সমাজের ঐ সকল পরিবারের জন্য ইতিবাচক বার্তা।
পুলিশ সুপার চুয়াডাঙ্গা বলেন, দেশের মোট জনগোষ্ঠির অর্ধেক নারী। এই বিপুল সংখ্যক নারী পিছিয়ে থাকলে সামগ্রিক উন্নয়ন অসম্ভব। তিনি চুয়াডাঙ্গার সর্বস্তরের জনসাধারণের কাছে আইন শৃঙ্খলা রক্ষা, নারীর ক্ষমতায়ন, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং লিঙ্গ বৈষম্য দূরীকরণে সহযোগিতা কামনা করেন।

জীবননগরে দুস্থ পরিবারের মাঝে টিউবওয়েল বিতরণ কর্মসূচির উদ্বোধন

জীবননগরে দুস্থ অসহায় ১২টি পরিবারের মাঝে টিউবওয়েল বিতরণের মধ্য দিয়ে কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের মাধবপুর মাদরাসা মাঠে দোস্ত এইডের উদ্যোগে এবং শিকড় সমাজকল্যাণ সংস্থার বাস্তবায়নে ১২টি পরিবারের মাঝে টিউবওয়েল বিতরণ করা হয়।

শিকড় সমাজকল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টিউবওয়েল বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকন, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম, সাংবাদিক চাষী রমজানসহ শিকড় সমাজকল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী, সদস্য মফিজুল ইসলাম, সাদিয়া, তনু, আখী, রমজান হোসেন, জোসনা খাতুন উপস্থিত ছিলেন।
জীবননগর উপজেলায় পর্যায়ক্রমে ১হাজার অসহায় হতদরিদ্রদের মাঝে এ টিউবওয়েল বিতরণ করা হবে।
উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন হুসাইন আহম্মেদ।

শনিবার চুয়াডাঙ্গার গৃহহীনরা পাচ্ছে প্রধানমন্ত্রীর ঘর

আগামী ২৩ জানুয়ারি চুয়াডাঙ্গা জেলার ১৩৪টি পরিবারকে প্রধানমন্ত্রীর ঘর উপহার দেয়া হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে উপকারভোগিতের ঘরের চাবি হস্তান্তর করবেন। বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে বিষয়টি জানানো হয়। জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেছেন।
জেলা প্রশাসক প্রশাসক নজরুল ইসলাম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে অতিরিক্ত জেলা প্রশাসক মনিরা পারভীন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ সাদিকুর রহমান, সহকারী কমিশনার হাবিবুর রহমান ও জান্নাতুল ফেরদৌস উপস্থিত ছিলেন।
সংবাদ সম্মেলনে জানানো হয়, মুজিববর্ষ উপলক্ষে চুয়াডাঙ্গা জেলার ১ হাজার ১৩১টি পরিবারকে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে দুই শতাংশ জমিসহ এক ইউনিটের বাড়ির দলিল ও চাবি হস্তান্তরের উদ্যোগ নেয়া হয়েছে। প্রথম পর্যায়ে ১৩৪টি পরিবার এ উপহার পাচ্ছে। পর্যায়ক্রমে লক্ষমাত্রা পূরণ করা হবে। এছাড়া মুজিববর্ষ উপলক্ষে আরো ৯ হাজার ৯৫৪টি পরিবারকেও নিজেদের জমিতে বাড়ি করে দেয়া হবে।

আলমডাঙ্গায় আওয়ামী লীগ প্রার্থীর বিভিন্ন ওয়ার্ডে মতবিনিময়

আলমডাঙ্গা পৌর নির্বাচন উপলক্ষে মেয়র প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনুর নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যা ৭টার দিকে ৮ নং ওয়ার্ড হরিতলা ও রাত ৮টার দিকে মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় হল রুমে

শহরের ৭ নম্বর ওয়ার্ডে এই নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। নির্বাচনী মতবিনিময় সভায় পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকারের উপস্থাপনায় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, যুগ্ম-সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি লিয়াকত আলি লিপু মোল্লা, সাংগঠনিক সম্পাদক আতিয়ার রহমান, কাজী খালেদুর রহমান অরুন, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, পৌর আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক সাইফুল ইসলাম পিন্টু, সাবেক পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, ঠান্টু, সোহেল রানা শাহিন, পৌর ছাত্রলীগের যুগ্ম-সম্পাদক পারভেজ মিডেল, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, যুগ্ম-সম্পাদক হাসানুজ্জামান, রাকিব আহমেদ রকি, আব্দুল্লাহ আল সাকিব, টিটন, আসিফ ইকবাল অটল, সজিব প্রমুখ।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন।

দামুড়হুদার জয়রামপুরে স’মিলে ভ্রাম্যমাণ আদালতের অভিযান

দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের দুটি স’মিলে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৪ টার সময় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।
এ সময় জয়রামপুরের স’মিল ব্যবসায়ী আব্দুল খালেককে লাইসেন্স না থাকায় স্থানীয় সরকার ইউনিয়ন আইন ২০০৯ এর আওতাধীন ২ হাজার টাকা জরিমানা করা হয় এবং অপর স’মিল মালিককে পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশে রেখে কাজ করার জন্য সর্তক করা হয়।
ভ্রাম্যমাণ আদালতটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার নির্বাহী ম্যাজিস্ট্রেট (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ। আদালতে সহযোগিতা করেন পেশকার জিহন আলী এবং পুলিশের এএসআই মসলেমসহ চৌকস পুলিশ টিম।

আলমডাঙ্গায় চেক ডিজঅনার মামলার সাজাপ্রাপ্ত আসামি ইউপি সদস্য গ্রেফতার

আলমডাঙ্গায় চেক ডিজঅনার মামলায় ১ বছরের সাজাপ্রাপ্ত আসামি ইউপি সদস্য সাইদকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল বুধবার রাতে তাকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয় ।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের কেদাননগর গ্রামের এক মহিলাকে চাকরি দেবার নাম করে টাকা গ্রহণ করে বকশিপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে বর্তমান ইউপি সদস্য সাইদ হাসান।

চাকরি না দিয়ে ঘুরাতে থাকলে ওই নারী টাকা ফেরত চান। এক পর্যায়ে সাইদ তাকে একটি চেক প্রদান করেন। চেকটি নিয়ে ব্যাংকে গেলে ওই একাউন্টে কোন টাকা না থাকায় ব্যাংক তাকে ফিরিয়ে দেন।

গত ২০১৯ সালে চুয়াডাঙ্গা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে চেক ডিজ অনার মামলা দায়ের করেন ওই নারী। এ মামলায় আদালত সাঈদ মেম্বারকে ১ বছরের সাজা প্রদান করে। সাজাপ্রাপ্ত আসামি হিসেবে থানার এসআই আমিনুল সঙ্গীয় ফোর্সসহ তাকে গ্রেফতার করে। গতকাল তাকে জেলা কারাগারে প্রেরণ করা হয়েছে।